



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর : ৩৭.১১.৪০৪১.৪৪১.২১.০০১.২০.১৮৪১

তারিখ : ১৬-১০-২০২৪

বিষয় : একাডেমিক স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে

সূত্র : তাঁর ০২-০৯-২০২৪ তারিখের আবেদন (আইডি- ২৮৫৪১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর উপজেলাধীন কে. এস. এম. ঢাকা মিনাপাড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক শাখার একাডেমিক স্বীকৃতির মেয়াদ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ০১-০৭-২০২৪ খ্রি. তারিখ হতে ৩০-০৬-২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নবায়ন করা হলো।

০২। বিগত ০৩ বছরে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী না থাকায় এ ০২ শাখার পাঠদানের অনুমতি আগামী ৩০-০৬-২০২৫ খ্রি. পর্যন্ত বহাল রেখে একাডেমিক স্বীকৃতি স্থগিত করা হলো। বর্ণিত মেয়াদে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি হলে এ ০২ শাখার স্বীকৃতি কলেজের মূল একাডেমিক স্বীকৃতির সাথে সমন্বয় করা হবে। তবে, বর্ণিত মেয়াদে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি না হলে পরবর্তীতে এ ০২ শাখার স্বীকৃতি কলেজের মূল একাডেমিক স্বীকৃতি হতে বাদ দেয়া হতে পারে।

শাখা ও বিষয়সমূহ :

সকল শাখার আবশ্যিক বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

শাখা	বিষয়সমূহ
বিজ্ঞান	পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত
মানবিক	অর্থনীতি, সমাজবিজ্ঞান, যুক্তিবিদ্যা, ভূগোল, পরিসংখ্যান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস
ব্যবসায় শিক্ষা	অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

শর্তসমূহ :

- ১। অনুমোদিত বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে
- ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে এবং মনোনিয়নে সচেষ্ট থাকতে হবে
- ৩। যথাযথ মর্যাদায় জাতীয় দিবসগুলি উদ্‌যাপন করতে হবে
- ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে
- ৫। কলেজ চত্বরে ফলদ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে
- ৬। কলেজে সীমানা প্রাচীর নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন করতে হবে
- ৭। লাইব্রেরিতে পাঠসহায়ক প্রয়োজনীয় বই সংগ্রহ করতে হবে
- ৮। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠসহায়ক বই ক্রয় করতে হবে
- ৯। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করতে হবে
- ১০। কলেজের পরবর্তী স্বীকৃতি নবায়ন উপর্যুক্ত শর্তাবলী পূরণ সংক্রান্ত সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে

১৬-১০-২০২৪

(সমীর কুমার কুন্ডু)

কলেজ পরিদর্শক

অধ্যক্ষ

কে. এস. এম. ঢাকা মিনাপাড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (EIIN :

১১৭৮১৯)

কুষ্টিয়া সদর, কুষ্টিয়া

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

☎ ০২৪৭৭৭৬২৬৯৪

✉ ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর : ৩৭.১১.৪০৪১.৪৪১.২১.০০১.২০.১৮৪১ (৬)

তারিখ : ১৬-১০-২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সংরক্ষণ নথি



১৬-১০-২০২৪

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫২৮২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২২১৮৮

তারিখ : ১২-০৫-২০২৫ খ্রি.

বিষয় : বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ১৩-০২-২০২৫ তারিখের অনলাইন আবেদন (আইডি- ৩১২৩৪)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ০১-০১-২০২৫ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য স্বীকৃতি নবায়ন করা হলো।

শর্তাবলি:

- ১। অনুমতি/অনুমোদনহীন কোন শাখা থাকলে অবিলম্বে তা যথাবিধি অনুমতি/অনুমোদনের ব্যবস্থা করতে হবে।
- ২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে ও শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে।
- ৩। সহপাঠ্যক্রম জোরদার করতে হবে এবং পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৪। বিদ্যালয় অঙ্গনে ফলবান, বনজ এবং ঔষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ৫। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এবং প্রত্যেক শিক্ষকের ই-মেইল আইডি বোর্ডকে অবহিত করতে হবে ও বার্ষিক ম্যাগাজিন/দৈনিক পত্রিকা প্রকাশ করতে হবে।
- ৬। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ৭। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।
- ৮। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- ৯। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধি মোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।
- ১০। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহের প্রতিটির ন্যূনতম তিন কপি সংগ্রহ এবং অনুসরণ করতে হবে।
- ১১। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রশ্নব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ পরিচালনা করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(ড. মোঃ কামরুজ্জামান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক

কে. এস. এম. ঢাকা মিনাপাড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (EIIN : ১১৭৮১৯)

কুষ্টিয়া সদর, কুষ্টিয়া

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫২৮২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২২১৮৮(৭)

তারিখ : ১২-০৫-২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
- ৭। অফিস কপি।

১২-০৫-২০২৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর